

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নম্বরঃ ৪৭২১ [আন্তর্জাতিক নম্বরঃ ১৮৬৩]

৩৪। প্রশাসন ও নেতৃত্ব (كتاب الإمامة)

পরিচ্ছেদঃ ২০. মক্কাহ বিজয়ের পর ইসলাম, জিহাদ ও পুণ্যময় কাজের বাই'আত আর বিজয়ের পর হিজরাত নেই (মক্কাহ থেকে মদীনায়)- এ কথার অর্থ সংক্রান্ত আলোচনা

باب الْمُبَايَعَةِ بَعْدَ فَتْحِ مَكَّةَ عَلَى الْإِسْلَامِ وَالْجِهَادِ وَالْخَيْرِ وَبَيَانِ مَعْنَى: لَا هِجْرَةَ بَعْدَ الْفَتْحِ

আরবী

وَحَدَّثَنِي سُؤَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ عَاصِمٍ، عَنْ أَبِي عُثْمَانَ، قَالَ أَخْبَرَنِي مُجَاشِعُ بْنُ مَسْعُودِ السُّلَمِيِّ، قَالَ جِئْتُ بِأَخِي أَبِي مَعْبَدٍ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ الْفَتْحِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ بَايِعُهُ عَلَى الْهِجْرَةِ . قَالَ " قَدْ مَضَتْ الْهِجْرَةُ بِأَهْلِهَا " . قُلْتُ فَبِأَيِّ شَيْءٍ تُبَايِعُهُ قَالَ " عَلَى الْإِسْلَامِ وَالْجِهَادِ وَالْخَيْرِ " . قَالَ أَبُو عُثْمَانَ فَلَقِيتُ أَبَا مَعْبَدٍ فَأَخْبَرْتُهُ بِقَوْلِ مُجَاشِعٍ فَقَالَ صَدَقَ .

বাংলা

৪৭২১-(৮৪/...) সুওয়াইদ ইবনু সাঈদ (রহঃ) মুজাশি ইবনু মাসউদ সুলামী (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মক্কাহ বিজয়ের পর একদা আমি আমার ভাই আবু মা'বাদ (রাযিঃ) কে নিয়ে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে আসলাম। তখন আমি আরয় করলাম, হে আল্লাহর রসূল! আপনি তাকে হিজরতের বাই'আত করান। তিনি তখন বললেন, হিজরতের দিন অতিক্রান্ত, তার যোগ্য পাত্ররা সে সুযোগ নিয়ে নিয়েছে। আমি বললাম, তাহলে এখন কিসের উপর বাই'আত নিবেন? তিনি বললেন, ইসলাম, জিহাদ ও সংকাজের বাই'আত হতে পারে। আবু উসমান (রহঃ) বলেন, আমি আবু ম'বাদের সাথে সাক্ষাৎ করে তাকে মুজাশি (রহঃ) এর কথা জানালাম। তিনি বললেন, সে যথার্থই বলেছে। (ইসলামিক ফাউন্ডেশন ৪৬৭৪, ইসলামিক সেন্টার ৪৬৭৬)

English

It has been reported on the authority of Mujashi' b. Mas'ud who said: I brought my brother Abu Ma'bad to the Messenger of Allah (may peace be upon him) after the conquest of Mecca and said: Messenger of Allah, allow him to swear his pledge of migration at your hand. He said: The period of

migration is over with those who had to do it (and now nobody can get this meritorious distinctions) I said: For what actions will you allow him to bind himself in oath? He said: (He can do so) for serving the cause of Islam, for fighting in the way of Allah and for fighting in the cause of virtue. Abd Uthman said: I met Abd Ma'bad and told him what I had heard from Mujashi'. He said: He has told the truth.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মুজাশি' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=51804>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন